

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.০৬.০০.০০১.২০১৫-২৪৬

তারিখঃ ১০-১০-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) এবং আরপিএ (জিওবি) খাতের স্থানীয় প্রশিক্ষণ প্ল্যান-এ প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বাঃঅধিঃ/এএমসি/স্থানীয় প্রশিক্ষণ/২০১৭-২০১৮/৩৭৪৩, তাং-১৪-০৯-২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের ৩টি প্যাকেজের বিপরীতে প্রণীত ৪৯.০০ (উনপঞ্চাশ লক্ষ) লক্ষ টাকার স্থানীয় প্রশিক্ষণ প্ল্যান এবং জিওবি (উন্নয়ন) খাতের ৩টি প্যাকেজের বিপরীতে প্রণীত ৫১.০০ (একাল্ল লক্ষ) লক্ষ টাকা সর্বমোট (৪৯.০০+৫১.০০)=১০০.০০ (এক কোটি) লক্ষ টাকার স্থানীয় প্রশিক্ষণ প্ল্যান-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

শর্তঃ

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮, আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজসমূহের প্রশিক্ষণ শুরু হওয়ার কমপক্ষে ৭ (সাত) কর্মদিবস পূর্বে প্রশিক্ষণের বিস্তারিত কর্মপরিকল্পনা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (ঘ) Institution Based Training প্রদানের ব্যবস্থা নেয়া। এ ক্ষেত্রে নিপোর্ট, নিপসমকে অগ্রাধিকার দিয়ে অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ/সমন্বয় করতে হবে;
- (ঙ) Clinical Training সমূহ পরিচালনার ক্ষেত্রে Bangladesh College of Physicians and Surgeons (BCPS)-কে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- (চ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের ডাটাবেজ তৈরী করা;
- (ছ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (জ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব(উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০৩.০০.০০২.২০১৫-২৪৮

তারিখঃ ১০-১০-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ এমএনসিএন্ডএইচ ওপির ২০১৭-২০১৮ অর্থ বছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন।

- সূত্রঃ (১) স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশাসন-২১৫(পার্ট-১)/২০১৬/১০৬১ তারিখঃ ০৬-০৭-২০১৭ খ্রিঃ।
(২) স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশাসন-২১৫(পার্ট-১)/২০১৬/১১৩০ তারিখঃ ১৯-০৭-২০১৭ খ্রিঃ।
(৩) স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশাসন-২১৫(পার্ট-১)/২০১৬/১২২০ তারিখঃ ০২-০৮-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ এর প্রস্তাব মোতাবেক এমএনসিএন্ডএইচ ওপির ২০১৭ ২০১৮ অর্থ বছরে জিওবি (উন্নয়ন) খাতের বিভিন্ন কম্পোনেন্ট এর বিপরীতে মোট ৫৫২৩.০৭ (পঞ্চাশ কোটি তেইশ লক্ষ সাত হাজার) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

শর্তঃ

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) প্যাকেজ নং-A(01) ও A(03) এর আইটেম Auto Disable(AD) Syringe, ক্রয়ে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঙ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
এমএনসিএন্ডএইচ
ইপিআই ভবন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী
ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

